

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৩৫

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২৬. ঠান্ডা লাগার আশঙ্কা হলে নাপাক ব্যক্তি তায়াম্মুম করতে পারবে কি?

باب إِذَا خَافَ الْجُنُبُ الْبَرْدَ أَيَتَيَمَّمُ

আরবী

حَدَّقَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ الْمُرَادِيُّ، أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ، عَنِ ابْنِ لَهِيعَةَ، وَعَمْرِو بْنِ الْحَارِثِ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، عَنْ عِمْرَانَ بْنِ أَبِي أَنَسٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ جُبَيْرٍ، عَنْ أَبِي قَيْسٍ، مَوْلَى عَمْرِو بْنِ الْعَاصِ أَنَّ عَمْرَو بْنَ الْعَاصِ، كَانَ عَلَى سَرِيَّةٍ وَذَكَرَ الْحَدِيثَ نَحْوَهُ. قَالَ: فَعَسَلَ مَغَابِنَهُ، وَتَوَضَّا ً وُضُوءَهُ لِلصَّلَاةِ ثُمَّ صلَلَى بِهِمْ فَذَكَرَ نَحْوَهُ وَلَمْ يَذْكُرِ التَّيَمُّمَ.

_ صحیح

قَالَ أَبُو دَاوُدَ : وَرُويَتْ هَذِهِ الْقِصَّةُ عَنِ الأَوْزَاعِيِّ عَنْ حَسَّانَ بْنِ عَطِيَّةَ قَالَ فِيهِ فَتَيَمَّمَ

বাংলা

৩৩৫। 'আমর ইবনুল 'আস (রাঃ)-এর আযাদকৃত গোলাম আবূ ক্বায়িস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, 'আমর ইবনুল 'আস (রাঃ) একটি বাহিনীর নেতৃত্বে ছিলেন। অতঃপর পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করে বলেনঃ তারপর তিনি তার শরীরের ময়লা জমা হবার স্থান (রানের দুই পার্শ্ব) ধুয়ে ফেলেন এবং সালাতের জন্য অযু করে সালাত আদায় করান। তারপর পূর্বানুরূপ বর্ণনা করেন, কিন্তু তাতে তায়াম্মুমের কথা উল্লেখ নেই। [1]

সহীহ।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, এ ঘটনা আওযাঈ (রহঃ) হতে হাসসান ইবনু 'আত্বিয়্যাহ সূত্রেও বর্ণিত হয়েছে। তাতে তায়াম্মুমের কথা উল্লেখ আছে।



English

Abu Qais, the freed slave of 'Amr b. al-'As, said 'Amr b. al-'As was in a battle. He then narrated the rest of the tradition. He then said:

He washed his armpits and other joints where dirt was found, and he performed ablution like that for prayer. Then he led them in prayer. He then narrated the tradition in a similar way but did not mention of tayammum.

Abu Dawud said: This incident has also been narrated by al-'Awza'i on the authority of Hassan b. 'Atiyyah. This version has the words: Then he performed tayammum.

ফুটনোট

[1] বায়হাকী (১/২২৬), দারাকুতনী (১/১৭৯) 'আমর ইবনু হারিস সূত্রে। এতে 'যিরাআইন ও মিরফাকাইন; শব্দদ্বয় শায। যা পূর্বেই গত হয়েছে।

হাদীস থেকে শিক্ষাঃ

- ১। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে ইজতিহাদ হয়েছে।
- ২। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নীরবতা সম্মতি বুঝায়। তাই তা হুকুমের ক্ষেত্রে দলীলযোগ্য।
- ৩। পানি ব্যবহারের অপারগ বা ক্ষতির আশংকা হলে তায়াম্মুম করা বৈধ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনুল আস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন